

# রাজ্যে প্রথম যুব সাহিত্য পুরস্কার পেলেন সুমন



দর্পণ প্রতিনিধি, জোলাইবাড়ি, ২৪  
আগস্ট : সাহিত্য একাডেমির যুব  
সাহিত্য পুরস্কার পেলেন বাইখোড়ার  
৩০ বছর বয়সী তরুণ কবি সুমন  
পাটারী। সোজা কথা সোজাভাবেই  
বলতে পারদর্শী সুমন। ধান আলু  
চাষের সঙ্গে কবিতা চাষেও সিদ্ধহস্ত  
হয়ে উঠেছেন অল্প কয়েকদিনেই।  
জোলাইবাড়ি ব্লকের সদেশনগর গ্রাম  
পঞ্চায়েতের বাসিন্দা কৃষিজীবী  
নারায়ণ পাটারীর একমাত্র ছেলে  
সুমন। ২০১৫ সালে ইকফাই থেকে  
বি সি এ পাশ করে বাড়ি ফিরে  
মনোযোগ দেন কৃষি ও কবিতার  
চাষে। সকাল বেলায় শুম থেকে উঠে  
নিজেদের রাবার বাগানে তরুণির  
সংগ্রহের কাজের মধ্যে দিয়েই শুরু  
হয় সুমনের রোজ নামচা। মাঠে কৃষি  
কাজের সাতের পাতায় দেখুন

## রাজ্যে প্রথম যুব সাহিত্য পুরস্কার

প্রথম পাতার পর ৪ সঙ্গে সঙ্গে সমানতালে কবিতাও লিখে যাচ্ছেন এই তরুণ।  
২০১৬ সালে সুমনের প্রথম কবিতার বই-মাটির মানুষ প্রকাশিত হয় স্রোত প্রকাশনা  
থেকে। এখন অবধি চারটি কবিতার বই লিখেছেন সুমন। ২০১৯ সালে অক্ষর  
প্রকাশনী থেকে প্রকাশিত কবিতার বইটির 'লিখে কিছু হয় না' জন্য ২০২২ সালে  
যুব সাহিত্য পুরস্কার পেলেন সুমন। সাহিত্য একাডেমির পুরস্কার পাওয়ার খবর  
শুনে নিজের ফেইসবুকের দেওয়ালে এদিন সুমন লিখলেন 'আমি খুশি হয়েছি  
খুব, সবাই ভালোবাসা দিয়েছেন দেখে। এই খুশির দিনে স্মরণ করলেন অগ্রজ  
কবি প্রয়াত প্রবুদ্ধ সুন্দর করের নাম।' সুমনের এই পুরস্কার প্রাপ্তির খবরে বেজায়  
খুশি রাজ্যের কবি, সাহিত্যিকরা। নিজেদের ফেইসবুকের দেওয়ালে সুমনে ছবি  
টাঙিয়ে শুভেচ্ছা জানিয়েছেন এই তরুণ কবিকে। সাহিত্য একাডেমির যুব সাহিত্য  
পুরস্কার এই প্রথম পেল ত্রিপুরার কোনো কবি। সেদিক থেকেও ইতিহাস হয়ে  
থাকবেন ক্ষেত্রে খামারে কাজ করে কবিতা লেখা তরুণ কবি সুমন।